সংবাদ

তারিখ ২৯/১০/৮১
পৃষ্ঠা ... কলাম ...

349



পুরুষ ঃ ২,০৩,৪৭,৯৯৩ ।। মহিলা ঃ ১,৮৬,০৩২১

# চূড়ান্ত ভোটারের সংখ্যা তিন কোটি সাড়ে উনানব্বুই লাখ

(নিজস্ব বার্তা পরিবেশক)

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচনে চূড়ান্ত ভোটারের সংখ্যা হচ্ছে মাত্র তিন কোটি উনানব্বই লাখ একান্ন হাজার চৌদ্দ(৩,৮৯,৫১,০১৪) জন। '৭৯ সালে অনুষ্ঠিত সংসদ নির্বাচনে ভোটারের সংখ্যা ছিল তিন কোটি ছিয়াশি লাখ সাইত্রিশ হাজার ছ'শ' চৌষট্টি (৩,৮৬,৩৭,৬৬৪)। ফলে উনাশির ভোটার তালিকা থেকে এবার ভোটারের সংখ্যা বাড়লো তিন লাখ তের হাজার তিনশ' পঞ্চাশ জন (৩,১৩,৩৫০)।

এই মোট ভোটারের মধ্যে পুরুষের সংখ্যা ২,০৩,৪৭,৯৯৩ জন ও মহিলাদের সংখ্যা দাড়াচ্ছে ১,৮৬,০৩,০২১ জনে।

এবারের রাষ্ট্রপতি নির্বাচন উপলক্ষে যে ১৪ লাখ লোক ভোটার হওয়ার জন্যে আবেদন করেছিলেন, তাদের অতি নগণ্য সংখ্যকও তালিকাভুক্ত হতে পেরেছেন কিনা সন্দেহ।

ভোটার তালিকার চূড়ান্ত রূপদান শেষ হয়েছে। ছাপাও প্রায় শেষ। প্রতিটি এলাকায়ই তালিকা পাঠানো শুরু হয়ে গেছে।

ব্যালট পেপার ছাপার কাজ দু'একদিনের মধ্যেই শেষ হবে বলে নির্বাচন কমিশনের একজন মুখপাত্র জানিয়েছেন। অনেক ক্ষেত্রে ইতিমধ্যেই ব্যালট পেপার পাঠানো হয়েছে।

উল্লেখযোগ্য যে, ব্যালট পেপারের সাইজ হবে প্রায় একটি দৈনিক পত্রিকার এক পৃষ্ঠার সমান। এটি লম্বায় ১৮ ইঞ্চি ও চওড়ায় ১১ ইঞ্চি হবে। তিন সারিতে প্রার্থীদের নাম ও প্রতীক থাকবে। প্রতিটি সারিতে ৯৩ জন প্রার্থীর নাম থাকবে।

বাড়তি ব্যালট বাক্স বানানোর কাজও প্রায় সমাপ্ত বলে জানা গেছে। ঢাকার বিভিন্ন কাঠের দোকানে এখনো কিছু কিছু বাক্স বানানো হচ্ছে। নির্বাচনী কমিশন ইতিমধ্যে অনেক বাক্স নানা কেন্দ্রে পাঠিয়ে দিয়েছেন। মোট ৯৭ হাজার বাড়তি কাঠের বাক্স বানানো হচ্ছে।

১৫ই নভেম্বর অনুষ্ঠিতব্য দেশের অষ্টম রাষ্ট্রপতি নির্বাচনের যাবতীয় প্রস্তুতি আগামী মাসের প্রথম সপ্তাহের মধ্যেই সম্পন্ন হবে বলে কমিশনের পক্ষ থেকে জানা

## ভোটার তালিকা

(১ম পাতার পর)

প্রকাশ করা হয়েছে।

উল্লেখযোগ্য যে, প্রাপ্তবয়স্কদের ভোট এটা হবে দেশের দ্বিতীয় রাষ্ট্রপতি নির্বাচন। এর আগে '৭৮ সালে জিয়া প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হন।

দেশ স্বাধীন হওয়ার পর ১৯৭৩ সালে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে ভোটারের সংখ্যা ছিল তিন কোটি পচিশ লাখ পাঁচ হাজার ছ'শ বিয়াল্লিশ। আট বছরে ভোটারের সংখ্যা বেড়েছে ৩৭ লাখ ৪৫ হাজার তিনশ' বাহাত্তর। এই দীর্ঘদিনেও এদেশে নতুন করে ভোটার তালিকা প্রণয়ন করা হয়নি। নতুভাবে তালিকা তৈরী হলে ভোটারের সংখ্যা আরও অনেক বেড়ে যেত বলে অভিজ্ঞ মহল মনে করেন।